বাংলাদেশ জাতীয়তাবাদী দলের সকলেই একই পরিবারের: মাহবুবুর রব চৌধুরী ফয়ছল

চেম্বার ডেস্ক::

কানাইঘাটে সৌদি আরব প্রবাসী মরহুম ফখরুল ইসলাম স্মরণে দোয়া মাহফিল ও আর্থিক সাহায্য প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাহবুবুর রব চৌধুরী ফয়ছল বলেন, আমাদের জাতীয়তাবাদী দল ও সহযোগী সংগঠনের সকলেই একই পরিবারের। এ জন্য সুদূর প্রবাসে থেকে আব্দুর রহমান ভাইদের মতো মহান হৃদয়ের মানুষরা জাতীয়তাবাদী পরিবারের লোকজন দের জন্য সাহায্যের হাত বাড়িয়ে দেন। শহিদ জিয়ার আদর্শের একজন সৈনিক, বাংলাদেশ জাতীয়তাবাদীদল-বিএনপি’র একজন প্রবাসী নেতা ফখরুল ইসলাম গত ২০ শে জুলাই ২০২০ ইং তারিখে সৌদি আরবে জেদ্দায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু বরন করেন। উনার পরিবারকে সৌদি আরব পশ্চিমাঞ্চল বিএনপি’র প্রধান উপদেষ্টা,বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি কার্যনির্বাহী কমিটির সদস্য আলহাজ্ব আব্দুর রহমান সাহেবের পাঠানো এক লক্ষ টাকা অনুদান প্রদান করেন এ লক্ষ্যে কানাইঘাট উপজেলার স্থানীয় রাজাগঞ্জ ইউনিয়নের আব্দুল শহিদ কমপ্লেক্সে এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। ৯নং রাজাগঞ্জ ইউনিয়ন বিএনপি’র আহ্বায়ক মোঃ নুরুজ্জামানের সভাপতিত্বে, কুয়েত প্রবাসী, কুয়েত বিএনপি নেতা কানাইঘাট উপজেলা যুবদলের আহ্বায়ক কমিটির অন্যতম সদস্য, সাবেক ছাত্রনেতা ফখরুল ইসলাম বিপ্লব ও স্থানীয় যুবদল নেতা আনোয়ার হোসেনের উপস্থাপনার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি সিলেট জেলার সাবেক যুগ্ম সম্পাদক, বর্তমান আহ্বায়ক কমিটির অন্যতম সদস্য মাহবুবুর রব চৌধুরী ফয়সল। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সৌদি আরব পশ্চিমাঞ্চল বিএনপি’র যুগ্ম সম্পাদক ওয়েস আহমদ। বিশেষ অতিথি হিসেবে আরোও উপস্থিত ছিলেন কানাইঘাট উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক অধ্যাপক ফরিদ উদ্দিন, সিলেট জেলা কৃষক দলের যুগ্ম আহবায়ক সাবেক ছাত্রনেতা শাহীন আহমদ।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সৌদি আরব প্রবাসী জনাব মাওলানা হাবীবুর রহমান, ৯ নং রাজাগঞ্জ ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি, কানাইঘাট উপজেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আব্দুল মতিন শিকদার,

রাজাগঞ্জ ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক, বর্তমান আহ্বায়ক কমিটির সদস্য ডাঃ লোকমান আহমদ, রাজাগঞ্জ ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক-বর্তমান আহ্বায়ক কমিটির সদস্য মাওলানা কয়ছর আহমদ, রাজাগঞ্জ ইউনিয়ন বিএনপি সাবেক সাংগঠনিক সম্পাদক-বর্তমান আহ্বায়ক কমিটির সদস্য বদরুল ইসলাম, সৌদি আরব জেদ্দাহ বিএনপি’র নেতা আলী আহমদ চৌধুরী এবং হাকীম আজমল চৌধুরী। আরও উপস্থিত ছিলেন ৯নং রাজাগঞ্জ ইউনিয়ন বিএনপি আহ্বায়ক কমিটির সদস্য কমর উদ্দিন শরীফ উদ্দিন, ইউনিয়ন বিএনপি নেতা মাসুক আহমদ, রাজাগঞ্জ ইউনিয়ন যুবদলের নেতা আলী হোসেন চৌধুরী, কানাইঘাট উপজেলা যুবদলের আহ্বায়ক কমিটির অন্যতম সদস্য, রাজাগঞ্জ ইউনিয়ন বিএনপি আহ্বায়ক কমিটির সদস্য ফয়সল আহমদ সহ বিভিন্ন স্তরের স্থানীয় নেতৃবৃন্দ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সাবেক ছাত্রনেতা ফখরুল ইসলাম বিপ্লব সহ আরোও বক্তব্য রাখেন আলী আহমদ চৌধুরী, হাকীম আজমল চৌধুরী, সিলেট জেলা ছাত্রদলের সহ গণশিক্ষা বিষয়ক সম্পাদক ইসলাম উদ্দিন, কানাইঘাট উপজেলা ছাত্রদলের আহ্বায়ক কমিটির সদস্য ছাদিক আহমদ সহ অতিথিবৃন্দ।
সৌদি আরব প্রবাসী মাওলানা হাবীবুর রহমান সাহেবের মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়।